



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০১.২০২১/ ১০৮৫

তারিখ: ৩০/০৬/২০২১খ্রি.

বিজ্ঞপ্তি

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও পরিচালনা কমিটির সভাপতিসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক যে সব শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রদান করে ঐ সকল পরিদর্শনের জবাব ব্রডশিট আকারে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠান যথাসময়ে ব্রডশিট জবাব মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করছেন না; এ কারণে জটিলতা সৃষ্টি হচ্ছে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে ব্রডশিট জবাব প্রেরণ করার জন্য এখন থেকে আর শিক্ষা প্রতিষ্ঠানকে পত্র প্রেরণ করা হবে না। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ব্রডশিটের জবাব, প্রমাণক তথ্য ও কাগজপত্র স্বপ্রণোদিত হয়ে প্রতিষ্ঠান কর্তৃক অত্র অধিদপ্তরে প্রেরণ করতে হবে। যথাসময়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ পূর্ণাঙ্গ ব্রডশিট জবাব প্রেরণ করতে ব্যর্থ হলে ঐ সকল প্রতিষ্ঠান প্রধান এর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এ বিষয়ে যথাযথ সহযোগিতা প্রদান করার জন্য পরিচালনা কমিটির সভাপতিকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

২৭.৬.২০২১
(প্রফেসর মো: শাহেদুল খবির চৌধুরী)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

Atank

সিনিয়র সিস্টেম এনালিস্ট

ইএমআইএস সেল

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (বিজ্ঞপ্তিটি মাউশি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রচারের অনুরোধ করা হলো)